



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/১২৫/মাদারী/৬৫২০

তারিখ: ২৪/১২/২০২৪ খ্রি.

বিষয়: বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব আল আমিন- কে চূড়ান্ত বরখাস্তকরণ প্রসঙ্গে।

- সূত্র: ১) বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ১০/০৭/২০২৩ তারিখের আবেদন।  
২) বোর্ডের ০৩/১২/২০২৪ তারিখের তদন্ত প্রতিবেদন।  
৩) বোর্ডের ১০/১২/২০২৪ তারিখের আপিল অ্যান্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।  
৪) বোর্ডের ১৯/১২/২০২৪ তারিখের অনুষ্ঠিত ২৩৩ তম বোর্ড সভার অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন সিকদার হাট উচ্চ বিদ্যালয়ে বরখাস্তকৃত সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) জনাব আল আমিন- এর বিনা অনুমতিতে বিদ্যালয়ে দীর্ঘদিন অনুপস্থিত 'স্বীকৃতি প্রাপ্ত বেসরকারি শিক্ষক কর্মচারী শৃঙ্খলা বিধি, ১৯৭৯' এর সুস্পষ্ট লঙ্ঘন।

এমতাবস্থায়, বোর্ডের আপিল অ্যান্ড আরবিট্রেশন কমিটির ১০/১২/২০২৪ তারিখের সভায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং অভিযোগসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ পূর্বক ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাকে চাকুরি হতে অব্যাহতি দেওয়ার জন্য সুপারিশ করা হয় এবং ১৯/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩৩তম বোর্ড সভায় বর্ণিত বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব আল আমিন- এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা/-

সভাপতি  
এডহক/ম্যানেজিং কমিটি  
সিকদার হাট উচ্চ বিদ্যালয়  
মাদবরের চর, শিবপুর, মাদারীপুর


প্রফেসর আজাদ হোসেন চৌধুরী  
সচিব  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ০২-৯৬৬৯৮১৩


মেমো নং- ৬৫২০ (১০)

তারিখ: ২৪/১২/২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, মাদারীপুর
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা
- ৬। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর
- ৭। প্রধান শিক্ষক, সিকদার হাট উচ্চ বিদ্যালয়, মাদবরের চর, শিবপুর, মাদারীপুর
- ৮। জনাব আল আমিন, সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান), সিকদার হাট উচ্চ বিদ্যালয়, মাদবরের চর, শিবপুর, মাদারীপুর
- ৯। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১০। অফিস কপি।

  
সচিব ২৫/১২/২৪  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

  
২৩/১২/২০২৪